

৮ দফা দাবি জাবি শিক্ষকদের কর্মসূচি ঘোষণা

■ জাবি সংবাদদাতা

আমারসীরনগর বিশ্ববিদ্যালয়ে জুভায়ের হজা ইস্যু, গণনিয়োগ বন্ধ, শিক্ষক সমিতির সভাপতিকে লাঞ্ছনার বিচার, ডিপি প্যানেলের নির্বাচনসহ ৮ দফা দাবিতে ৫দিনের নতুন কর্মসূচি ঘোষণা করেছে 'শিক্ষক সমাধা'-এর ব্যানারে আন্দোলনরত শিক্ষকেরা। গত রবিবার বেলা ৩টায় বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক সমিতিতে এক সংবাদ সম্মেলনে এ কর্মসূচি ঘোষণা করা হয়।

সংবাদ সম্মেলনে দিখিত বক্তব্য পাঠ করেন শিক্ষক সমাজের আহ্বায়ক অধ্যাপক নাসিম আখতার হোসাইন। এ সময় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এ এ মামুন, অধ্যাপক শামসুল অসেম মেলিম, এম এ মতিন, এ টি এম আতিকুর রহমান, মোজাম্মেল হক, মুজিবুর রহমান, আমাল উদ্দিন রনু, আনোয়ারুল্লাহ জুইয়া, রায়হান রাইন প্রমুখ উপস্থিত ছিলেন। সংবাদ সম্মেলনে শিক্ষকরা ৮ দফা দাবিতে ৫দিনের নতুন কর্মসূচি ঘোষণা করেন। দাবিগুলোর মধ্যে রয়েছে- জুভায়ের হজা ইস্যুতে বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠন, ক্যাম্পাসে সহস্রাঙ্গী কর্মকাণ্ড বন্ধ করার ব্যাপারে ব্যবস্থা গ্রহণ, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এ এ মামুনকে লাঞ্ছনার ঘটনার বিচার, ক্যাম্পাস থেকে বিতাড়িত দুই শতাধিক শিক্ষার্থীদের নিরাপদ সহাবস্থানসহ স্বাধীন বত প্রকাশের ব্যবস্থা গ্রহণ, গণহারে ও অযোগ্য শিক্ষক নিয়োগ বন্ধ,

শিক্ষার বাণিজ্যিকীকরণ বন্ধ, ক্যাম্পাসের জীব-বৈচিত্র্য রক্ষা এবং ১৯৭৩ সালের অধ্যাদেশ অনুযায়ী ডিপি প্যানেলসহ অন্যান্য প্রশাসনিক পদে নির্বাচন।

যেযুঁজিত কর্মসূচির মধ্যে রয়েছে- আজ সোমবার গণসংযোগ ও গণ-অভিযোগ সংগ্রহ শুরু, মঙ্গলবার গণসভা, বুধস্পতিবার র্যালি ও সমাবেশ, শুক্রবার গণসংযোগ এবং শনিবার বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন অবরোধ।

এ ব্যাপারে অধ্যাপক নাসিম আখতার হোসাইন বলেন, শিক্ষার সুষ্ঠু ও স্বাভাবিক পরিবেশ রক্ষার জন্য দাবি আদায় না হওয়া পর্যন্ত শিক্ষক সমাজে আন্দোলন চালিয়ে যাবে।